

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়  
সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ  
সওজ গেজেটেড সংস্থাপন শাখা  
[www.rthd.gov.bd](http://www.rthd.gov.bd)

নং- ৩৫.০০.০০০০.০২২.১৫.০৬৫.১৪- ৩০৩

তারিখ : ০৮/০৪/২০১৫ খ্রিস্টাব্দ

**প্রজ্ঞাপন**

বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়ের ১৯/১০/২০১৪ তারিখের ৮০.১০১.০৩৭.০০.০০.০১২. ২০১৪-৩৬৫ সংখ্যক পত্রের সুপারিশ মোতাবেক জনাব রেহনুমা নওরীন, পিতা- জনাব আলী আহমদ সিরাজী, মাতা- মাহবুবা সিরাজী, ৩৬ নং সি কে ঘোষ রোড, ডাকঘর- ময়মনসিংহ, উপজেলা- সদর, জেলা- ময়মনসিংহ- কে সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়ের সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগের অধীন সড়ক ও জনপথ অধিদপ্তরে জাতীয় বেতনস্কেল, ২০০৯ এর ৯ নম্বর গ্রেডভুক্ত ১১০০০- ৪৯০X৭- ১৪৪৩০- ইবি- ৫৪০X১১- ২০৩৭০/- টাকা স্কেলে রাজস্ব খাতভুক্ত(অস্থায়ী) "সহকারী বৃক্ষ পালনবিদ" পদে নিম্নবর্ণিত শর্ত সাপেক্ষে সম্পূর্ণ অস্থায়ীভাবে নিয়োগ প্রদান করা হল :

**শর্তাবলী**

*Web Adm*  
*০৮/০৪/২০১৫*

- (ক) তাঁকে সরকার নির্ধারিত প্রশিক্ষণ কেন্দ্রে অথবা সরকার নির্ধারিত প্রশিক্ষণ প্রতিষ্ঠানে প্রশিক্ষণ গ্রহণ করতে হবে ;
- (খ) তাঁকে ০২ (দুই) বছর শিক্ষানবিস হিসেবে কাজ করতে হবে। শিক্ষানবিসকালে যদি তিনি চাকরিতে বহাল থাকার অনুপযোগী বলে বিবেচিত হন, তবে কোন কারণ দর্শানো ছাড়াই এবং সরকারী কর্ম কমিশনের পরামর্শ ব্যতিরেকে তাঁকে চাকরি হতে অপসারণ করা যাবে ;
- (গ) উপানুচ্ছেদ (ক)-এ উল্লিখিত প্রশিক্ষণ সাফল্যের সাথে সমাপন ও শিক্ষানবিসকাল সন্তোষজনকভাবে অতিক্রান্ত হলে তাঁকে চাকরিতে স্থায়ী করা হবে ;
- (ঘ) চাকরিতে যোগদানের সময় তাঁকে একজন জামানতদারসহ ১৫০/- (একশত পঞ্চাশ) টাকা মূল্যের নন-জুডিশিয়াল স্ট্যাম্প এ মর্মে একটি বন্ড সম্পাদন করতে হবে যে, যদি তিনি শিক্ষানবিসকালে অথবা শিক্ষানবিসকাল উত্তীর্ণ হওয়ার ০৩ (তিন) বছরের মধ্যে চাকরিতে ইস্তফা দেন, তবে প্রদত্ত বেতন- ভাতা এবং চাকরিকালে গৃহিত অগ্রিম/ভ্রমণভাতা/অন্যান্য ভাতাদি ফেরত দিতে বাধ্য থাকবেন ;
- (ঙ) তাঁর ইস্তফা সরকার কর্তৃক গৃহীত হওয়ার পূর্বে যদি তিনি তাঁর কর্তব্য- কাজে অনুপস্থিত থাকেন, তবে তাঁর নিকট সরকারের প্রাপ্য সমুদয় অর্থ পাবলিক ডিমান্ড রিকভারি এ্যাক্ট, ১৯১৩ এর বিধান অনুসারে আদায় করা হবে এবং সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা- ১৯৮৫ অনুযায়ী তাঁর বিরুদ্ধে শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করা হবে ;
- (চ) যদি তিনি কোন বিদেশী নাগরিককে বিবাহ করে থাকেন অথবা বিবাহ করার জন্য অঙ্গীকারবদ্ধ হয়ে থাকেন তবে এ নিয়োগ বাতিল বলে গণ্য হবে ;
- (ছ) এ প্রজ্ঞাপনে সুনির্দিষ্টভাবে বর্ণিত হয়নি, এরূপ ক্ষেত্রে তাঁর চাকরি সংক্রান্ত বিষয়ে সরকারের প্রচলিত বিধি-বিধান ও আদেশ প্রযোজ্য হবে এবং সরকার কর্তৃক ভবিষ্যতে প্রণীতব্য বিধি- বিধান ও আদেশ অনুসারে তাঁর চাকরি নিয়ন্ত্রিত হবে ;
- (জ) The Government Servants (Conduct) Rules 1979 এর ১৩(১) উপ-বিধি অনুযায়ী সকল ছাবর-অস্থাবর সম্পত্তির বিবরণ সম্বলিত একটি ঘোষণাপত্র প্রার্থীকে চাকরিতে যোগদানের সময় সংশ্লিষ্ট নিয়ন্ত্রণকারী মন্ত্রণালয়ে জমা দিতে হবে ;
- (ঝ) এ চাকরিতে যোগদানের জন্য তিনি কোন ভ্রমণ ভাতা/দৈনিক ভাতা পাবেন না।

**চলমান পাতা- ০২**

২। উল্লিখিত শর্তাবলী তাঁর নিকট গ্রহণযোগ্য বিবেচিত হলে আগামী ২৭/০৪/২০১৫ তারিখের মধ্যে এ বিভাগে যোগদানের জন্য তাঁকে অনুরোধ করা হল। নির্ধারিত সময়ে চাকরিতে যোগদান না করলে তিনি চাকরিতে যোগদান করতে ইচ্ছুক নন বলে ধরে নেয়া হবে এবং এ নিয়োগপত্র বাতিল বলে গণ্য হবে।

৩। এ আদেশ জনস্বার্থে জারী করা হল এবং ইহা তাঁর যোগদানের তারিখ হতে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে



(মোহাঃ লিয়াকত আলী খান)

সহকারী সচিব

ফোন : ৯৫৮৫২৫৭

নং- ৩৫.০০.০০০০.০২২.১৫.০৬৫.১৪- ৩০৩/১(১৩)

তারিখ : ০৮/০৪/২০১৫ খ্রিস্টাব্দ

অনুলিপি সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে প্রেরণ করা হল (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

- ১। সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়/অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
- ২। সচিব, বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়, আগারগাঁও, শেরে বাংলা নগর, ঢাকা- ১২০৭
- ৩। প্রধান প্রকৌশলী, সড়ক ও জনপথ অধিদপ্তর, সড়ক ভবন, তেজগাঁও, ঢাকা
- ৪। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়
- ৫। প্রধান বৃক্ষ পালনবিদ, সড়ক ও জনপথ অধিদপ্তর, সড়ক গবেষণাগার, মিরপুর, ঢাকা
- ৬। উপ- পরিচালক, বাংলাদেশ ফরমস ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা(লেজের পরবর্তী সংখ্যায় প্রকাশের অনুরোধসহ)
- ৭। প্রধান হিসাররক্ষণ কর্মকর্তা, সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়, সিজিএ ভবন, সেকেন বাগিচা, ঢাকা
- ৮। সচিব মহোদয়ের একান্ত সচিব, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ, সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়
- ✓ ৯। সিস্টেম এনালিস্ট, আইসিটি ইউনিট, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ, সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয় (প্রোগ্রামটি ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)
- ১০। জনাব রেহনুমা নওরীন, পিতা- জনাব আলী আহমদ সিরাজী, মাতা- মাহবুবা সিরাজী, ৩৬ নং সি কে ঘোষ রোড, ডাকঘর- ময়মনসিংহ, উপজেলা- সদর, জেলা- ময়মনসিংহ
- ১১। অতিরিক্ত সচিব/অতিরিক্ত সচিব(প্রশাসন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ, সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়
- ১২। অফিস কপি/মাস্টার কপি

  
(মোহাঃ লিয়াকত আলী খান)  
সহকারী সচিব